# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 23-09-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) আকস্মিক বৃষ্টিতে বৃহত্তর কলকাতার জনজীবন সম্পূর্ণ বিপর্যস্ত। এখনও পর্যন্ত বৃষ্টিজনিত কারণে ৯ জনের প্রাণহানির খবর মিলেছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যের পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

২) বিজেপি সহ বিরোধী দলগুলি এই বিপর্যয়ের জন্য প্রশাসনিক ব্যর্থতাকেই দায়ী করেছে।

আজ ও আগামীকাল স্কুল-কলেজে সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয়েছে।

৩) আলিপুর আবহাওয়া দফতর আগামীকালও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে।

৪) বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক (স্পেশাল এডুকেটর) নিয়োগের পরীক্ষায় আবেদন করতে না পারায় হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বর্তমানে প্রশিক্ষণরত এক চাকরি প্রার্থী।

৫) সারা দেশের সঙ্গে আজ এরাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দশম জাতীয় আয়ুর্বেদ দিবস পালিত হচ্ছে।

oooooooooooooooooooo

শারদোৎসবের সূচনা লগ্নেই আকস্মিক বৃষ্টিতে বিপর্যস্ত  কলকাতা সংলগ্ন দক্ষিণবঙ্গের একাধিক এলাকা। গতকাল রাতভর দুর্যোগের পর আজ সকাল থেকে বৃষ্টি কমলেও কলকাতা শহরের অধিকাংশ জায়গায় প্রায় এক হাঁটু জল। রাস্তাঘাটের অবস্থা বেহাল হওয়ায় পরিস্থিতি আরও ঘোরালো হয়েছে। শহরে অধিকাংশ আবাসন, বাড়ির একতলায় জল জমে রয়েছে। কলকাতা পুরসভা ও প্রশাসনের পক্ষ থেকে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমে এক বার্তায় জানিয়েছেন। রাতভর অস্বাভাবিক বৃষ্টি এবং আগামী কয়েক দিন বৃষ্টির পূর্বাভাসের কারণে আগামী দুদিন স্কুলে ছুটি দিয়েছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে শিক্ষা দপ্তর বিজ্ঞপ্তি জারি করে এ কথা জানিয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলিকেও আগামী দুদিন ছুটি দেওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিকে, শুক্রবার থেকেই রাজ্যের স্কুলগুলিতে সরকারিভাবে পুজোর ছুটি ছিল। আগামী দু'দিন ছুটি ঘোষণা করায় কার্যত আগামীকাল থেকেই পুজোর ছুটি শুরু হয়ে যাচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

অন্যদিকে, দুর্যোগের কারণে কলকাতা বিশ্ববিদ্যালয় আজ তাদের নির্ধারিত সব পরীক্ষা বাতিল করে। পরীক্ষার পরবর্তী দিন পরে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ও  আজকের পঠনপাঠন ও অন্যান্য প্রশাসনিক কর্মসূচি স্থগিত রাখে। সরকারি অফিস গুলিতেও দুদিন ওয়ার্ক ফ্রম হোম চলবে। শহরের বেসরকারি দপ্তরগুলিকেও বিষয়টি বিবেচনা করতে রাজ্য সরকার আবেদন জানিয়েছে। আপদকালীন পরিস্থিতির জন্য নবান্নে চালু রয়েছে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম ।

পুজোর মুখে এই দুর্যোগের ফলে তৈরি হওয়া জল যন্ত্রণা নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে, কলকাতা এবং শহরতলিতে এখনও পর্যন্ত বৃষ্টিজনিত নানা কারণে ৯ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে ৭ জনের মৃত্যু হয়েছে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে, অন্য দুজন জমা জলে পড়ে প্রাণ হারান। বেহালার বুড়োশিবতলা ও বড়িশা, একবালপুর, নেতাজিনগর, বেনিয়াপুকুর, কালিকাপুর এবং উত্তর ২৪ পরগনার শাসনে জমা জলের মধ্যে পড়ে থাকা বৈদ্যুতিক তারে তড়িদাহত হয়ে এই ৭ জনের মৃত্যু হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একাধিক ব্যক্তির প্রাণহানির ঘটনায় বিদ্যুৎ সংস্থা সিইএসই-কেই দায়ী করেছেন।

(বাইট – মমতা)

এদিকে, দুর্যোগের ফলে কলকাতায় বেহাল অবস্থা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার শহরের জমে থাকা জল নিষ্কাশনের জন্য দ্রুত ও কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে এই সংকটজনক পরিস্থিতিতে মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে এবং যুদ্ধকালীন তৎপরতায় ব্যবস্থা নেওয়ার জন্য শ্রী মজুমদার রাজ্য প্রশাসনের কাছেও আবেদন জানিয়েছেন। পাশাপাশি বিদ্যুৎপৃষ্ট হয়ে একাধিক মানুষের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় তিনি শোক প্রকাশ করেছেন।

অন্যদিকে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজকের পরিস্থিতির জন্য তৃণমূল কংগ্রেস পরিচালিত পুরসভা ও সরকারকে দায়ী করেছেন। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন,সরকার ও পুরসভা অতীতের প্রাকৃতিক বিপর্যয় থেকে শিক্ষা নেয়নি। শহরের নিকাশী ব্যবস্থা কোন পর্যায়ে পৌঁছেছে আজ শহরে জলমগ্ন হওয়ার ঘটনায় তা প্রমাণ হয়েছে। কলকাতার মতো একটি প্রাচীন শহরে পুরসভার কাছে অতিবৃষ্টি হলে মোকাবিলার কোন পরিকল্পনা নেই এবং সরকারের কাছে ন্যূনতম পরিকাঠামো নেই তা অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা।

(বাইট – শমীক)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মৃতদের পরিবার পিছু ৩ কোটি টাকা করে অর্থ সাহায্য এবং একজন সদস্যকে সরকারী দফতরে গ্রুপ সি চাকরি দেওয়ার দাবি জানান।

মুখ্যমন্ত্রী হিসেবে মমতা ব্যানার্জীর ব্যর্থতার খেসারত রাজ্যবাসীকে দিতে হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

পুজোয় বৃষ্টি এবং নিম্নচাপের ফলে আবহাওয়ার অবনতি হবে বলে আগাম বার্তা থাকা সত্ত্বেও পরিস্থিতি মোকাবিলায় কেন পরিকাঠামোগত ব্যবস্থা তৈরি করা গেল না, তা নিয়ে প্রশ্ন তুলেছেন কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী।

oooooooooooooooooooooo

বৃষ্টির জমা জলে কলকাতা শহরে বিদ্যুৎপৃষ্ট হয়ে একাধিক নাগরিকের মৃত্যুতে প্রশাসনিক গাফিলতির অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে চিঠি দিয়েছে দুটি সংগঠন। একই সঙ্গে মৃতদের পরিবারকে ক্ষতিপূরণের নির্দেশ দেওয়ার দাবিও জানিয়েছে সেভ ডেমোক্রেসি ও অল ইন্ডিয়া ল ইয়ার্স অ্যাসোসিয়েশন হাইকোর্ট শাখা। প্রধান বিচারপতির দপ্তরে চিঠি দিয়ে সেটিকে মামলার নথি হিসেবে গ্রহণ করার আবেদন করা হয়েছে।

ooooooooooooooooooooo

উত্তর-পূর্ব বঙ্গোপসাগর এবং সংলগ্ন এলাকায় অবস্থিত নিম্নচাপটি এখন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং উত্তর ওড়িশার ওপর অবস্থান করছে। আগামী ২৪ ঘন্টায় তা ক্রমে সরে যাবে ও শক্তি হারাবে। এই নিম্নচাপের ফলে গতরাত থেকে রেকর্ড পরিমাণ ২৫১ দশমিক ৪ মিলিমিটার বৃষ্টি হয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস। ভারী থেকে অতি ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায় । ভারী বৃষ্টি হতে পারে কলকাতা, দক্ষিণ 24 পরগনা ও হাওড়া জেলায়। ২৪ ঘন্টা পরে আবহাওয়া কিছুটা পরিষ্কার হতে পারে বলেও তিনি জানান।

(বাইট – আবহাওয়া)

০০০০০০০০০০০০০০০০০০০০

বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক (স্পেশাল এডুকেটর) নিয়োগের পরীক্ষায় আবেদন করতে চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বর্তমানে প্রশিক্ষণরত এক চাকরি প্রার্থী। আগামীকাল এই পরীক্ষায় আবেদনের শেষদিন হলেও প্রশিক্ষণরত "স্পেশাল এডুকেটার"দের আবেদন করতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ জানিয়ে কলকাতা হাইকোর্টের দৃষ্টি আকর্ষণ করেছেন হাসান মণ্ডল নামে ওই চাকরি প্রার্থী। বিচারপতি সৌগত ভট্টাচার্য আগামীকাল মামলাটি শুনানির আশ্বাস দিয়েছেন।

উল্লেখ্য NCTE রুল অনুযায়ী প্রতিটি স্কুলে একজন করে "স্পেশাল এডুকেটর " প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক থাকতে হবে। যারা ইতিমধ্যে প্রশিক্ষণ নিচ্ছেন, তাদের পরীক্ষায় বসার সুযোগ রয়েছে। কিন্তু এসএসসি সেই অনুমোদন দিচ্ছে না বলে ২০২৩-২৫ শিক্ষাবর্ষে প্রশিক্ষণরত প্রার্থীদের অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্র দ্বারা পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - "সেবা পর্ব"-তে, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার মাধ্যমে ভারতের যুবসমাজের ক্ষমতায়ন করেছে।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০

সারা দেশের সঙ্গে আজ এরাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দশম জাতীয় আয়ুর্বেদ দিবস পালিত হচ্ছে। সারা বিশ্বের সুস্বাস্থ্যের জন্য আয়ুর্বেদের ভূমিকা সম্পর্কে সচেতনতা বাড়াতে দিনটি পালন করা হয়। এবছর দিনটির মূল ভাবনা আয়ুর্বেদ ফর পিপল- অ্যান্ড প্ল্যানেট। অর্থাৎ - মানুষ ও পৃথিবীর জন্য আয়ুর্বেদ। কলকাতায় কেন্দ্রীয় আয়ুর্বেদ গবেষণা সংস্থায় আজ বিশেষ আলোচনা ও অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা হয়।

oooooooooooooooooooo

ooooooooooooooooooo